



37926 - যদি কোনে হয়যেগ্রস্তু নারী ফজররে আগে পবত্রি হন

প্রশ্ন

আমার হয়ে চলছিল। ফজররে আযানরে আগে আমি পবত্রি হয়েছি। কিন্তু কলান্তরি কারণে আমি গোসল করতে পারিনি; এর মধ্যে ফজররে আযান হয়ে গেছে। এমতাবস্থায় আমি কি সেই দিনে রোযাটি পূরণ করব? উল্লেখ্য, আমি আযানরে আগেই সেই দিনে রোযা রাখার নিয়ত করছি।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

যদি হয়যেগ্রস্তু নারী ফজররে আগে পবত্রি হন তাহলে তিনি রোযা রাখার নিয়ত করবেন। নিয়ত করলে তার রোযা সহি হবে; এমনকি তিনি যদি ফজর হওয়ার পর গোসল না করলে সক্ষেত্রেও।

অনুরূপ হুকুম জুনুবী (সহবাস বা বীর্যপাতরে কারণে যার উপর গোসল ফরয) ব্যক্তরি ক্ষত্রেও প্রযোজ্য যে ব্যক্তি ফজররে আগে গোসল করেনি।

সুলাইমান বনি ইয়াসার থেকে বর্ণিত তিনি উম্মে সালামা (রাঃ) কে এমন ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেসে করেন যে ব্যক্তি জানাবাত (সহবাস বা বীর্যপাতরে কারণে গোসল ফরয) অবস্থায় ভোরে উপনীত হয়েছে সে কি রোযা রাখবে? তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জুনুবী অবস্থায় ভোরে উপনীত হতেন; স্বপ্নদোষের কারণে নয়। এরপর তিনি রোযা রাখতেন। [সহি বুখারী (১৯৬২) ও সহি মুসলিম (১১০৯)]

ইমাম নববী বলেন:

শহর-বন্দররে আলমেগণ ইজমা করছেন যে, জুনুবী ব্যক্তরি রোযা রাখা সহি; হোক সটো স্বপ্নদোষের কারণ থেকে কথিবা স্ত্রী সহবাসরে কারণ থেকে...। জুনুবী ব্যক্তরি ন্যায় যদি কোনে হয়যেগ্রস্তু নারী কথিবা নফিসগ্রস্তু নারীর রক্তস্রাব রাতরে বলায় বন্ধ হয়ে যায় অতঃপর তারা গোসল করার আগেই ফজর হয়ে যায় তাদরে রোযা রাখাও সহি। রোযা পূরণ করা তাদরে উপর ওয়াজবি। হোক তারা ইচ্ছা করে গোসল না করুক কথিবা ভুলে গিয়ে গোসল না করুক; কোনে ওজররে কারণে গোসল না করুক কথিবা কোনে ওজর ছাড়া গোসল না করুক। এটি আমাদের মাযহাব ও সকল আলমেরে মাযহাব। তবে, জনকৈ সালাফ থেকে যা বর্ণিত রয়েছে তাঁর থেকে সেই বর্ণনাটি সহি; নাকি সহি নয়— তা আমরা জানি না। [সমাপ্ত]



আল্লাহই সর্বজ্ঞ।